দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবাপ্রদান প্রক্রিয়া সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে জানুয়ারি, ২০১৯ মাসের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব এ, টি, এম কামরুল ইসলাম তাং
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

স্থানঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

তারিখঃ ২৪ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিঃ

সময়ঃ বেলা ১২:০০ টা

উপস্থিতিঃ পরিশিষ্ট "ক" সংযুক্ত।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবাপ্রদান প্রক্রিয়া সহজীকরণের নিমিত্ত পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে Innovation বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ইনোভেশন কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় কমিটির সভাপতি পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রারম্ভিক বক্তব্য প্রদান করেন। সভায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২। সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে উপ-পরিচালক (পরিকল্পনা) আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
২.১	Call rate & other facilities of Corporate SIM	অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মধ্যে সরবরাহকৃত কর্পোরেট সীম ব্যবহার না করার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। কর্পোরেট সীম এর কল রেট অতিরিক্ত বিধায় এটিকে পোস্ট-পেইড এর পরিবর্তে প্রি-পেইড করা যেতে পরে। এছাড়া অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের সকল কর্মকর্তার টেলিফোন নম্বর সন্নিবেশিত করে টেলিফোন ডিরেক্টরি বিষয়ক একটি Mobile Apps আউট সোর্সিং এর মাধ্যমে প্রস্তুত করা যেতে পারে। **সিদ্ধান্তঃ** ১। কর্মকর্তাগণ যাতে সরবরাহকৃত সীমটি ব্যবহার করেন তা নিশ্চিতকরণের জন্য প্রশাসন অনুবিভাগ হতে পুনরায় তাগিদ প্রদান করতে হবে। ২। কল রেট কমানো/ প্রি-পেইডকরণে বিষয়ে গ্রামীণফোন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ৩। অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের সকল কর্মকর্তার টেলিফোন নম্বর সন্নিবেশিত করে টেলিফোন ডিরেক্টরি বিষয়ক একটি Mobile Apps প্রস্তুতের জন্য সকল জেলা প্রশাসক, উপজেলা নির্বাহ অফিসার, ডিআরআরও এবং পিআইওগণের নম্বর এ অধিদপ্তরে প্রেরণ করার সকল জেলা প্রশাসক বরাবর পত্র দিতে হবে।	১। পরিচালক (প্রশাসন) ২। পরিচালক (প্রশাসন) ও উপ-পরিচালক (প্রশমন) ৩। পরিচালক (প্রশাসন) ও প্রোগ্রামার
২.২	Grievance Redress System (GRS)	উপ-পরিচালক (প্রশাসন-১) জানান, এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত GRS System এ অর্ন্তভূক্ত করা হয়েছে। এ বিষয়ে তিনি মন্ত্রী পরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত একটি কর্মশালায় অংশগ্রহণ করেছেন। বিষয়টি কার্যকর করণের জন্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। **সিদ্ধান্তঃ** ১। GRS System কার্যকরকরণের জন্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারিগণকে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (গবেষনা ও প্রশিক্ষণ)
২.৩	Digital gate & digital display in entrance of DDM	সভাপতি মহোদয় বলেন, ডিজিটাল ডিসপ্লেসহ একটি দৃষ্টিনন্দন গেইট এবং গেইটের সাথে মানানসই বাউন্ডারি ওয়াল নির্মাণ কার্যক্রম "আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ)" প্রকল্পের তহবিল হতে বাস্তবায়ন এর বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এলক্ষ্যে প্রকল্পের নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ডিজাইন ও বিল অব কোয়ান্টিটি (বিওকিউ) প্রস্তুতের কাজ প্রায় সমাপ্ত হয়েছে। **সিদ্ধান্তঃ** ১। প্রশাসন অনুবিভাগ হতে "আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ)" প্রকল্প পরিচালকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে এর বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।	পরিচালক (প্রশাসন) ও জনাব মোঃ হাফিজুর রহমান, সহকারী পরিচালক (যান)
২.৪	Keep the DDM library running & useful	উপ-পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, লাইব্রেরীটি ব্যবহার উপযোগী রয়েছে। তবে এটি ব্যবহার করার জন্য একজন এটেনডেন্ট নিয়োগ করা প্রয়োজন। উপ-পরিচালক (প্রশাসন-১) জানান অধিদপ্তরের জনবল নিয়োগ শেষ হলে বিষটি নিশ্চিত করা যাবে। তিনি আশা করেন আগামী জানুয়ারি, ২০১৯ এর মধ্যে জনবল নিয়োগ সম্পন্ন হবে। **সিদ্ধান্তঃ** ১। লাইব্রেরীটি ব্যবহার উপযোগী করার জন্য প্রশাসন অনুবিভাগ একজন কর্মচারী নিয়োগ/পদায়ন এর উদ্যোগ নিতে হবে। কর্মচারী পদায়ন না হওয়া পর্যন্ত কাবিখা অনুবিভাগ হতে দুই জন অফিস সহকারী শিফ্টিং অনুযায়ী দায়িত্ব পালনের উদ্যোগ নিতে হবে। সেই সাথে পরিচালক (কাবিখা) ও উপ-পরিচালক (কাবিখা-৩) উক্ত বিষয়টি মনিটরিং করবেন।	পরিচালক (কাবিখা)/ উপ-পরিচালক (কাবিখা-২)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী ক
২.৫	Prepare E-service roadmap for DDM	অধিদপ্তরের প্রস্তুতকৃত ও ইতোমধ্যে মন্ত্রণালয় এবং A2i অফিসে প্রেরিত ই-সার্ভিস রোডম্যাপ বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়েছে। 1. Disaster Drill Management System 2. Training Management System 3. GIS-based Shelter Management Information System 4. Emergency Disaster Alert System 5. Complain and Grievance Management System 6. Human Resource Management System **সিদ্ধান্তঃ** ১। ই-সার্ভিস রোডম্যাপ বাস্তবায়নের বিষয়ে A2i এর সাথে যোগাযোগপূর্বক অবিলম্বে প্রকল্প প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (গবেষনা প্রশিক্ষণ) এবং পরিচাল (পরিকল্পনা ও উন্নয়ন)
২.৬	বিবিধঃ (ক) প্রণোদনা	সভাপতি মহোদয় বলেন, এপ্রিল-জুন প্রান্তিকের জন্য শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের নিমিত্ত প্রতি অনুবিভাগে পত্র প্রেরণপূর্বক মনোনয়ন সংগ্রহ করতে হবে। নির্বাচিত শ্রেষ্ঠ কর্মকর্তা-কর্মচারীগণকে পুরস্কার হিসেবে তাদের নাম ও ছবি অধিদপ্তরের ডিসপ্লেবোর্ডে প্রদর্শনসহ ১টি সার্টিফিকেট প্রদান করা যেতে পারে। উপ-পরিচালক (পরিকল্পনা) জানান, তাগিদপত্র দেয়া হলেও কোন মনোনয়ন পাওয়া যায়নি। **সিদ্ধান্তঃ** ১। শ্রেষ্ঠ কর্মকর্তা-কর্মচারীর নির্বাচনের নিমিত্ত প্রতিটি অনুবিভাগে পুনঃতাগিদপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপ-পরিচালক (পরিকল্পনা)
	খ) ডকুমেন্টেশন কমিটি	উপ-পরিচালক (এমআইএম) বলেন, প্রত্যেক জেলা হতে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ স্থির চিত্র অধিদপ্তরে পাঠালে তা দিয়ে ডকুমেন্টেশন তৈরী করা হবে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সার্বিক কার্যাবলী ও ভূমিকা শীর্ষক একটি ১০-১৫ মিনিটের ডকুমেন্টারী এবং ঘূর্ণিঝড় ও বন্যা বিষয়ে প্রতিটি ৫-৬ মিনিটের ডকুমেন্টারী তৈরীর উদ্যোগ নেয়া হচ্ছে। তিনি আরো বলেন, প্রতি অনুবিভাগ হতে খসড়া বিষয়বস্তুর উপর মতামত প্রেরণের জন্য পত্র দেয়া হলেও কিন্তু সকল অনুবিভাগের মতামত পাওয়া যায়নি। স্থির চিত্র প্রেরণের জন্য প্রকল্প পরিচালক, পরিচালক এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে পত্র দেয়া হয়েছে। **সিদ্ধান্তঃ** ১। যে সকল অনুবিভাগ থেকে ডকুমেন্টারীর খসড়ার বিষয়ে মতামত পাওয়া যায়নি তাদের তাগিদপত্র প্রদান করতে হবে। ২। ডকুমেন্টেশন কমিটির পক্ষ থেকে আগামী সভায় প্রস্তুতকৃত ডকুমেন্টেশনের স্ক্রিপ্ট উপস্থাপন করতে হবে। ৩। অনতিবিলম্বে স্থির চিত্র প্রেরণের জন্য প্রকল্প পরিচালক, পরিচালক এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে পুনরায় তাগিদ পত্র দিতে হবে।	উপ-পরিচালক (এমআইএম) ও ডকুমেন্টেশন কমিটির সদস্যবৃন্দ (কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট এবং জনাব আবুল কালাম আজাদ, ব্যক্তিগত সহকারী।
	গ) দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজন	উপ-পরিচালক (পরিকল্পনা) বলেন যে, দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজনের জন্য মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বরাবর অনুরোধ জ্ঞাপনপূর্বক পত্র প্রদান করা হয়েছে। **সিদ্ধান্তঃ** ১। অধিদপ্তর ভবনে দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজনের তারিখ নির্ধারণ পূর্বক বিষয়টি ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।	উপ-পরিচালক (প্রশা-১)
	ঘ) বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন	এ বিষয়ে উপ-পরিচালক (পরিকল্পনা) জানান, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সিটিজেন চার্টার হতে চারটি সেবা নির্বাচনপূর্বক সহজীকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত চারটি উপকমিটি গঠন করা হয়েছেঃ ১। দুর্যোগের আগাম সতর্কবার্তা SMS এর মাধ্যমে সকল মোবাইল অপারেটরের সাহায্যে জনগণের মাঝে দ্রুত পৌঁছানোর ব্যবস্থা গ্রহণের উপায় উদ্ভাবনের জন্য উপ-পরিচালক (এমআইএম), উপ-পরিচালক (প্রশমন), প্রোগ্রামার এবং সহকারী পরিচালক (জিআইএস) এর সমন্বয়ে গঠিত কমিটি। ২। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভিজিএফ উপকারভোগীদের নিকট তাদের সেবা প্রদান সম্পর্কিত তথ্যাবলী দ্রুত প্রেরণের নিমিত্ত ডাটাবেজ তৈরী পূর্বক SMS প্রদানের উপায় উদ্ভাবনের জন্য পরিচালক (ভিজিএফ), উপ- পরিচালক (মুওপ), উপ-পরিচালক (ভিজিএফ), সহকারী পরিচালক (প্রশাসন) এর সমন্বয়ে গঠিত কমিটি। ৩। অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগনের হালনাগাদ ডাটাবেজ তৈরীকরণের মাধ্যমে দ্রুত সেবা নিশ্চিতকরণের উপায় উদ্ভাবনের জন্য উপ-পরিচালক (প্রশাসন-১) ও (প্রশাসন-২), সহকারী পরিচালক (যানবাহন) ও কম্পিউটার অপারেটর জনাব মোঃ বোরহান উদ্দিন এর সমন্বয়ে গঠিত গঠন। ৪। মাননীয় সংসদ সদস্যদের বিশেষ করে সংরক্ষিত আসনের মহিলা সংসদ সদস্যগণের মাঝে বরাদ্দ প্রদান/ অর্থছাড় প্রক্রিয়ার ধাপ কমিয়ে সহজ করার উদ্যোগ গ্রহণের ব্যবস্থা নেয়া হচ্ছে। **সিদ্ধান্তঃ** ১। বর্ণিত কমিটিসমূহ তাদের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করবেন। ২। মা ইলিশ প্রজনন মৌসুমে দেশের ইলিশ আহরণ হতে বিরত থাকা জেলেদের জন্য ২৯ টি জেলায় বছরে ২ বার ৪০ কেজি করে ভিজিএফ চাল প্রদান করা হয়। উক্ত কার্যক্রমটি পাইলট হিসেবে ইনোভেশন প্রকল্পের অন্তর্ভুক্ত করতে ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (ভিজিএফ) উপ-পরিচালক (পরিকল্পনা/এমআইএম/ প্রশমন/মুওপ/ভিজিএফ/প্রশাসন-১, প্রশাসন-২, কাবিখা-২), প্রোগামার, সহকারী পরিচালক, জিআইএস /যান)

	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
	ঙ) ভিডিও কনফারেন্স	উপ-পরিচালক (পরিকল্পনা) বলেন, মাঠ পর্যায়ের কার্যক্রমের গতিশীলতা আনয়নের লক্ষ্যে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সাথে মাঠ পর্যায়ে কর্মরত জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণদের সাথে ভিডিও কনফারেন্স এর আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়। সভাপতি মহোদয় বলেন, সপ্তাহের রবি এবং বুধবার ব্যতীত অন্যান্য দিনে এই ভিডিও কনফারেন্সের আয়োজন করা যেতে পারে। এ ব্যাপারে অতিদ্রুত মহাপরিচালক মহোদয়ের অনুমতি সাপেক্ষে ভিডিও কনফারেন্সের আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। **সিদ্ধান্তঃ** ১। পাইলট হিসেবে ২টি উপজেলার কর্মকর্তাগণদের সাথে ভিডিও কনফারেন্সের আয়োজনের তারিখ ও Agenda নথিতে দিয়ে চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়ন করবেন।	পরিচালক (প্রশাসন)
	চ) ইনোভেশন এর উপর Refreshment Training আয়োজন।	সভাপতি মহোদয় বলেন, ইনোভেশন এর উপর Refreshment Training আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাজেট পাওয়া গেলে সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। **সিদ্ধান্তঃ** ১। Refreshment Training এর বাজেট প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	উপ-পরিচালক (প্রশিক্ষণ)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ, টি, এম কামরুল ইসলাম তাং)
(যুগ্মসচিব)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
সভাপতি
ইনোভেশন টিম

স্মারক নং-৫১.০১.০০০০.০০৩.০৬.০১৭.১৩- ৬৬

তারিখঃ ৮ মার্চ, ২০১৯ খ্রিঃ

বিতরণঃ

১। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ ও গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন/এমআইএম/ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। উপ-সচিব (প্রশাসন) ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপ-পরিচালক (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশিক্ষণ/প্রশমন/এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। সহকারী পরিচালক (প্রশাসন/যানবাহন/জিআইএস), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। সৈয়দ আশরাফ-উল-ইসলাম, কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। জনাব আবুল কালাম আজাদ, পিএ টু ডিজি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (সদয় অবগতির জন্য)।

উপ-পরিচালক (পরিকল্পনা)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম